যুগান্তর

JAN 13 2002

তারিখ ...............
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

# প্রকাশিত সংবাদ প্রসঙ্গে উপানুষ্ঠানিক শিক্ষা অধিদফতর

গত ২২ ডিসেম্বর দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'উপানুষ্ঠানিক শিক্ষা অধিদফতরে ৭শ' কোটি টাকা লোপাট' শীর্ষক সংবাদের প্রতিবাদ জানিয়েছে উপানুষ্ঠানিক শিক্ষা অধিদফতর। প্রতিবাদলিপিতে অধিদফতরের পরিচালক (প্রশাসন ও অর্থ) মোঃ শোয়েবুর রহমান বলেন, উপানুষ্ঠানিক শিক্ষা অধিদফতর দেশের প্রায় ৩.৫ কোটি নিরক্ষর জনগণকে সাক্ষর করাসহ তাদের আত্মকর্মসংস্থানমূলক কর্মকাণ্ডের মাধ্যমে দক্ষ জনগোষ্ঠীতে রূপান্তরপূর্বক জীবনযাত্রার মান উন্নয়ন কাজে নিয়োজিত। এ বৃহৎ কর্মকাণ্ডে দেশের শত শত এনজিওসহ ৬৪টি জেলার জেলা প্রশাসকদের নেতৃত্বে সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচি পরিচালিত হচ্ছে। গণশিক্ষায় নিয়োজিত শত শত এনজিও নির্বাচনে প্রকল্প প্রস্তাবে বর্ণিত শর্ত মোতাবেক বিভিন্ন কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করা হয়। এককভাবে কোন কর্মকর্তার এনজিও নির্বাচনে ভূমিকা রাখার সুযোগ নেই। প্রতিবাদলিপিতে আরও বলা হয়, এ ধরনের সংবাদ প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের ভাবমূর্তি নষ্ট করাসহ উপানুষ্ঠানিক শিক্ষা অধিদফতরের বিরাট কর্মকাণ্ডকে বাধাগ্রস্ত করার প্রয়াস মাত্র।